

তা.বখ- ১৬ ফেব্রুয়ারি, ২০১৮

সংসদে বিল পাশে বাধা দেওয়ার জন্য কি কংগ্রেস দায়ী?

অরুণ জেটলি

বিরোধী দলনেতা, রাজ্যসভা

সংসদের চলতি অধিবেশনের শেষ সপ্তাহে পৌঁছে আমরা সবাই একটা সঙ্গত প্রশ্নের মুখোমুখি- সেটা হল বেশ কিছু বুলে থাকা বিল পাশের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য কে দায়ী? কংগ্রেসের সহ-সভাপতি রাহুল গান্ধী গতকাল এক বিবৃতিতে বলেছেন, সংসদে দুর্নীতি বিরোধী বিল পাশে বাধা দিয়েছে বিজেপি।

সত্যি ঘটনা হল, ১০ বছরের রাজত্বের শেষ ধাপে এসে হঠাৎ করে কিছু বিল পাস করানোর কথা মনে হয়েছে কংগ্রেসের। এই সময়ে সংসদের দুই কক্ষেই তাদের গরিষ্ঠতা নেই। বেশির ভাগ বিল অথবা আইন প্রণয়নের ক্ষেত্রে যেমন, ফুটপাথের হকারদের সুরক্ষা অথবা বুন্ডেলখণ্ডে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় স্থাপন বিতর্কের বিষয় হতে পারে না। এধরনের বিল সামান্য আলোচনারই পরই পাশ করানো যায়। প্রতিবন্ধীদের বিভিন্ন সংগঠন তাদের সমস্যা সমাধানের জন্য দ্রুত বিল পাশের দাবি জানিয়ে আসছে। রাহুল গান্ধী যেমন গতকাল দুর্নীতি বিরোধী বিল পাশ নিয়ে বিজেপিকে দুষেছেন তেমনি অন্যান্য বিল পাশ নিয়েও অভিযোগ তুলেছেন সংশ্লিষ্টরা।।

এ বিষয়ে প্রকৃত ঘটনার ব্যাখ্যা করা দরকার। বেশির ভাগ বিল পাশ নিয়ে বিজেপির কোনও আপত্তি নেই। আমরা সমর্থন দিতে তৈরি। সংসদের দুই কক্ষে আলোচনার সময় বিজেপির একজন সদস্যও প্রতিবাদ করেননি। সভাকক্ষের মধ্যে নেমে বিজেপির কেউ সরব হননি। প্রতিদিন সকালে আমরা সংসদে আসি। সভার মধ্যে গোলমাল বাধে অন্ধ্র প্রদেশ বিভাজন ইস্যুতে বুলে থাকা বিলের আলোচনা নিয়ে। অধ্যক্ষ ও চেয়ারম্যান এই গোলমালের জন্য সভার কাজ চালাতে না পেরে প্রতিদিনই অধিবেশন মূলতুবি করে দিয়েছেন। কংগ্রেসেরই বেশ কিছু সাংসদ প্রতিদিন হইচই করে সভা পণ্ড করেছেন। রাহুল গান্ধীর সভায় আসার কিংবা দলের

বিক্ষুব্ধ সাংসদদের সঙ্গে কথা বলার ফুরসত নেই। স্পেকট্রাম, কয়লা ব্লক বণ্টন ও কমনওয়ালথে গেমস কেলেঙ্কারির মত বড়সড় দুর্নীতির বিরুদ্ধে একবারও তাঁকে প্রকাশ্যে মুখ খুলতে দেখা যায়নি। সম্প্রতি তিনি বুঝেছেন যে দুর্নীতি ভারতীয় রাজনীতির একটা বড় ইস্যু হয়ে উঠেছে। এই বিলম্বিত উপলক্ষের জন্য নিজের পিঠ না চাপড়ে অথবা তাদের মেয়াদের শেষ লগ্নে এসে তড়িঘড়ি বিল আনার চেষ্টার জন্য গর্বিত হওয়ার বদলে তাঁর অন্তঃদর্শন করা শ্রেয় এবং এই বিল কেন আটকে

বিল আনার চেষ্টার জন্য গর্বিত হওয়ার বদলে তাঁর অন্তঃদর্শন করা শ্রেয় এবং এই বিল কেন আটকে গেছে সেই প্রশ্নের যথার্থ উত্তর খোঁজা উচিত। কারণ সংসদ বারবার অচল হয়েছে কংগ্রেস নেতাদের জন্যই। সংসদে স্বাভাবিক অবস্থা বজায় রাখতে ব্যর্থ হয়েছে সরকার। রাহুল গান্ধী যে মুহূর্তে সত্য উপলব্ধি করবেন এবং তাঁদের দল সংশোধনী ব্যবস্থা নেবেন তখনই বিজেপি অধিকাংশ বিলে সমর্থন দিতে প্রস্তুত।